

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.১১২.১৯.-৬১৬


তারিখ: ১৬ ভাদ্র ১৪২৬  
আগস্ট ২০১৯  
০২ শ্রাবণ

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি জনাব জুয়েল রায়হান দৈনিক মজুরী ভিত্তিতে শ্রমিক/কর্মী (গাড়ী চালক) হিসেবে পরিবহন বিভাগে কর্মরত আছেন। আপনার নামে বরাদ্দকৃত পরীক্ষাধীন ১০৪৫ বর্জ্যবাহী ডাম্প ট্রাক দিয়ে গত ০৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখ ত্রিপুরা ছাড়া বর্জ্য পরিবহন করেন। বর্জ্যবাহী গাড়ীটি ত্রিপুরাবিহীন থাকায় বর্জ্য রাস্তায় ফেলতে ফেলতে বলিয়ারপুরস্থ ল্যান্ডফিলে যাওয়ার পথে জনৈক ব্যক্তি গাড়ীটির একটি ভিডিও চিত্র ধারণ করেন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করেন। ভিডিওটি ভাইরাল হওয়ায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ণ হয়। বর্জ্যবাহী খোলা গাড়িতে ত্রিপুরা ব্যবহার করার জন্য অফিসিয়াল নির্দেশনা থাকলেও এক্ষেত্রে আপনি গুরুত্ব দেননি। আপনার এহেন কাজের কারণে কর্পোরেশনের সেবামূলক কার্যক্রম বিঘ্নিত হয়েছে এবং নগরবাসীর নিকট কর্পোরেশনের সুনাম ক্ষুণ্ণ হয়েছে। যা কর্তব্য কাজে অবহেলা ও অসদাচরণের শামিল এবং শাস্তিমোগ্য অপরাধ।

এ অবস্থায়, আপনাকে কেন কর্ম হতে অব্যাহতি প্রদান করা হবেনা তা এ নোটিশ প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে জানাতে নির্দেশ দেয়া হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে একতরফা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব জুয়েল রায়হান  
দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিক/কর্মী (গাড়ী চালক)  
পরিবহন বিভাগ  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

  
(রবীন্দ্রশ্রী বড়ুয়া)  
সচিব

ফোন-৮৮৩৪৯৩০  
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

secretary@dncc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহা-ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। অফিস কপি।